স্থায়ী সৎকর্মসমূহ হল, লা ইলাহা ইল্লাল্লাহ, সুবাহানাল্লাহ, আল্লাহু আকবর, আল-হামদু লিল্লাহ আর লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ

স্থায়ী সৎকর্মসমূহ হল, লা ইলাহা ইল্লাল্লাহ, সুবাহানাল্লাহ, আল্লাহু আকবর, আল-হামদু লিল্লাহ আর লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ [শাওয়াহেদ (সমঅর্থে আরও) হাদীস থাকার কারণে সহীহ] [ইবন হিব্বান এটি বর্ণনা করেছেন। - এটি হাকিম বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন।]

এ হাদীসে উল্লিখিত বাক্যগুলো দ্বারা যিকির করার ফযীলতের প্রমাণ রয়েছে। কারণ, এ বাক্যগুলোতে রয়েছে মহান ও সর্বোচ্চ সত্তা আল্লাহর তাসবীহ, পবিত্রতা, মাহাত্ম্যের বিশেষ অর্থ। এছাড়াও রয়েছে আল্লাহর কর্মসমূহের ওপর প্রশংসা। সুতরাং আল্লাহর ইচ্ছা ছাড়া বান্দার কোনো কৌশল, নড়াচড়ার শক্তি ও সামর্থ্য নেই। আল্লাহর ইচ্ছা ছাড়া ক্ষতিকে প্রতিহত করার কোনো কৌশল এবং কল্যাণ লাভেরও কোনো ক্ষমতা বান্দার নেই। এ মহান অর্থসহ এ বাক্যগুলোর প্রভাব ও উপকার একজন মু’মিনের জন্য তার মৃত্যুর পরও অবশিষ্ট থাকবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5477